
Uttarpara Jaykrishna Public Library, Hooghly

North Bengal State Library, Coochbehar


Bally Public Library, Howrah

State Central Library, Kolkata

Kolkata Metropolitan Library

Bardhaman Uday Chand District Library

Dakshin Dinajpur District Library

Rajnarayan Basu Smriti Pathagar, Paschim medinipur

District Library, Tamluk

District Library, South 24 Parganas

সাধারণ গ্রন্থাগার দিবস উদ্‌যাপন
৩১ আগষ্ট, ২০১৬

পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ সরকার
জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ

প্রেক্ষাপট : ১৮৩৫ সালের ৩১ আগষ্ট কলকাতার টাউন হলে অনুষ্ঠিত এক সভায় কলকাতার বুকে প্রথম 'ক্যালকাটা পাবলিক লাইব্রেরি' নামে একটি 'পাবলিক লাইব্রেরি' বা 'সাধারণ গ্রন্থাগার' স্থাপনের প্রস্তাব গৃহীত হয়। ১৮৩৬ সালের ২১ মার্চ 'ক্যালকাটা পাবলিক লাইব্রেরি' জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়। এই 'ক্যালকাটা পাবলিক লাইব্রেরি'ই আজকের ভারতের জাতীয় গ্রন্থাগারের ভিত্তি, বিংশ শতাব্দীর প্রথমভাগে যা 'ইম্পিরিয়াল লাইব্রেরি'র সঙ্গে সম্পূর্ণভাবে সংযুক্ত হয়ে গিয়েছিল। পৃথিবীর বিভিন্ন দেশে পাবলিক লাইব্রেরি বা সাধারণ গ্রন্থাগার প্রতিষ্ঠার ইতিহাসে বাংলা তথা ভারতবর্ষের মানুষের এই উদ্যোগ প্রাচীনতার দিক থেকে ইংল্যান্ড বা আমেরিকার থেকেও আগেকার। ৩১ আগষ্টের এই বিশেষ গুরুত্বকে মাথায় রেখে পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ ২০১৩ সাল থেকে প্রতি বছর ৩১ আগষ্ট দিনটিকে 'সাধারণ গ্রন্থাগার দিবস' হিসেবে উদ্‌যাপন করার সিদ্ধান্ত নিয়েছে। এবছর তাই চতুর্থ সাধারণ গ্রন্থাগার দিবস উদ্‌যাপন।

উদ্দেশ্য : পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের অধীনে গ্রন্থাগার পরিষেবা অধিকারের আওতায় বর্তমানে এ রাজ্যে মোট ২৪৮০টি সরকারি, সরকার পোষিত, সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগার, হয় সরাসরি বা জেলার স্থানীয় গ্রন্থাগার কৃত্যকের অধীনে জেলা গ্রন্থাগার আধিকারিকদের মাধ্যমে পরিচালিত হয়। এছাড়াও এই অধিকার থেকে রাজ্যের মোট ৩১৯টি জনগ্রন্থাগার ও তথ্যকেন্দ্র এবং বেশ কিছু বেসরকারি ও অপোষিত গ্রন্থাগারকেও আর্থিক সাহায্য প্রদান করা হয়। এই গ্রন্থাগারগুলি থেকে আজীবন শিক্ষা, জীবন ও জীবিকার জন্য তথ্য পরিষেবা, সুস্থ বিনোদনের উদ্দেশ্যে সৃজনমূলক সাহিত্য পাঠের উপযোগী বই, পত্র-পত্রিকা, সংবাদপত্রসহ আরও নানারকম পরিষেবা প্রদান করা হয়। যে কোনো মানুষ এই পরিষেবাগুলি পেতে পারেন। গ্রন্থাগারগুলির এই কার্যকরী ভূমিকা সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য আগে তেমন কোনো সরকারি উদ্যোগ ছিল না। প্রতি বছর জেলায় জেলায় এই বিশেষ দিনটি পালনের মাধ্যমে সাধারণ গ্রন্থাগার পরিষেবার সুফল সম্পর্কে জনগণের মধ্যে ব্যাপক সচেতনতা গড়ে তোলা এবং রাজ্যের প্রতিটি জনগণ যাতে সাধারণ গ্রন্থাগার পরিষেবার সুযোগ পেতে পারেন সেই লক্ষ্যে এই 'সাধারণ গ্রন্থাগার দিবস' উদ্‌যাপনের আয়োজন।

এ বছরের অনুষ্ঠান : বিগত বছরের ন্যায় এবছরও ৩০ আগষ্ট ২০১৬-তে রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার, উল্টোডাঙা ও ৩১ আগষ্ট ২০১৬-তে সায়েন্স সিটি অডিটোরিয়ামে একটি করে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। এ বছরও জেলায় জেলায় এই দিনটি বিশেষভাবে পালিত হচ্ছে। কেন্দ্রীয়স্তরে আয়োজিত এই অনুষ্ঠানে থাকছে কলকাতা, উত্তর ২৪ পরগণা ও দক্ষিণ ২৪ পরগণা জেলা। ৩০ আগষ্ট রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারে সকাল ১১টা থেকে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জনগণের মধ্যে সাধারণ গ্রন্থাগার সম্পর্কে আগ্রহ গড়ে তুলতে এবং ছোটোদের আরও গ্রন্থাগারমুখী করে তুলতে উদ্যোগ নেওয়া হয়েছে। স্থানীয় সরকারি ও সরকার পোষিত বিদ্যালয়গুলির চতুর্থ শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের জন্য 'বসে আঁকো' প্রতিযোগিতা, পঞ্চম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের জন্য থাকছে 'ক্যুইজ' প্রতিযোগিতা, তিনটি জেলার সাধারণ গ্রন্থাগারের পাঠকদের জন্য থাকছে 'তাৎক্ষণিক বক্তৃতা' প্রতিযোগিতা, কলেজ ছাত্রছাত্রীদের জন্য ও বয়স্ক মানুষদের জন্য একটি করে বিশেষ প্রতিযোগিতা। এই উদ্দেশ্যে উক্ত দুটি দিনে দুটি স্থানেই থাকছে পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ কয়েকটি বিভাগের কাজকর্মের উপর একটি করে প্রদর্শনী ও তার সাথে থাকছে একটি পুস্তক প্রদর্শনী ও বিক্রয়ের ব্যবস্থা।

৩১ আগষ্ট সকাল ১০টা ৩০ মিনিটে রাজ্যস্তরে আয়োজিত এই অনুষ্ঠানটির শুভ উদ্বোধন করবেন পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ, উচ্চ শিক্ষা বিভাগ এবং পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী, ডঃ পার্থ চট্টোপাধ্যায়। এই অনুষ্ঠানের বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গ সরকারের অগ্নি নির্বাপন ও জরুরি পরিষেবা, পরিবেশ এবং আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী এবং কলকাতার মহানাগরিক শ্রী শোভন চট্টোপাধ্যায়, ক্রেতা সুরক্ষা বিভাগ এবং স্বনির্ভর দল ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী সাধন পান্ডে, পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারী, শ্রম বিভাগ এবং আইন ও বিচার বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী মলয় ঘটক, বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়, মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী চন্দ্রনাথ সিন্‌হা, শিশু বিকাশ, নারী উন্নয়ন ও সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মাননীয়া রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) ডাঃ শশী পাঁজা, প্রাণী সম্পদ বিকাশ বিভাগ (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত), ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ ও বস্ত্র বিভাগ এবং ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় রাষ্ট্রমন্ত্রী শ্রী স্বপন দেবনাথ, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ডঃ সুরঞ্জন দাস ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ডঃ আশুতোষ ঘোষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী জনাব সিদ্দীকুল্লাহ চৌধুরী। এই অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের নিজস্ব ওয়েব সাইটের আধুনিক রূপেরও শুভ উদ্বোধন হবে, যেখানে এই বিভাগের সামগ্রিক কর্মকান্ড প্রতিফলিত হবে। সেই সঙ্গে সেই দিন ন্যাশনাল মিশন অন লাইব্রেরিস-এর অধীনে তৈরি রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারের আধুনিকীকরণ, কম্পিউটারাইজেশনেরও শুভ উদ্বোধন হবে। এছাড়া প্রতি জেলায় প্রতি গ্রন্থাগারে এবং রাজ্যস্তরেও কয়েকজন বিদগ্ধ পাঠককে সংবর্ধনা দেওয়ার পরিকল্পনা আছে।

আয়োজক : জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ,
পশ্চিমবঙ্গ সরকার, বিকাশ ভবন, ষষ্ঠ তল, বিধাননগর, কলকাতা – ৭০০০৯১
ইমেল : dlserchithi@gmail.com, ফোন : ০৩৩ ২৩৫৯ ৪২৭০

প্রবেশ আমন্ত্রণমূলক।